সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
মানব সম্পদ উন্নয়ন বিভাগ

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেডের প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি'র ২৪-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত জুলাই-সেপ্টেম্বর'২০১৭ ত্রৈমাসিক সভার (২০১৭-১৮ অর্থ বছরের ১ম সভা) কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব তারিকুল ইসলাম চৌধুরী, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর (অতিরিক্ত দায়িত্বে) ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক |
| তারিখ | : | ২৪ সেপ্টেম্বর, ২০১৭, রোজ রবিবার, সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | : | কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা |
| উপস্থিতি | : | সংলগ্নী-'ক' |

সোনালী ব্যাংক লিমিটেডে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির জুলাই-সেপ্টেম্বর, ২০১৭ ত্রৈমাসিকের সভা (২০১৭-১৮ অর্থ বছরের ১ম সভা) ২৪ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এ ব্যাংকের সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর (অতিরিক্ত দায়িত্বে) এবং নৈতিকতা কমিটির আহ্বায়ক জনাব তারিকুল ইসলাম চৌধুরী।

২.০০: সভার প্রারম্ভে সভাপতি নৈতিকতা কমিটির পূর্বতন ফোকাল পয়েন্ট জনাব মোঃ আতাউর রহমান, জেনারেল ম্যানেজার স্বেচ্ছাবসরে গমন করায় নতুন দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট জনাব মোঃ মতিউর রহমান, জেনারেল ম্যানেজারসহ উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি এ ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৭-২০১৮ প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করায় ধন্যবাদ জ্ঞাপন করেন।

৩.০০: ফোকাল পয়েন্ট হিসেবে জনাব মোঃ মতিউর রহমান, জেনারেল ম্যানেজার সদ্য দায়িত্বপ্রাপ্ত হওয়ায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোহাম্মদ আশরাফ উল্লাহ্, ডেপুটি জেনারেল ম্যানেজার, মানব সম্পদ উন্নয়ন বিভাগ সভাকে অবহিত করেন যে, প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৭-১৮ রেগুলেটরি অথরিটিসহ (বাংলাদেশ ব্যাংক এবং অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ) এ ব্যাংকের সকল শাখা/কার্যালয়ে প্রেরণের পাশাপাশি ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে।

৪.০০: আলোচ্যসূচি মোতাবেক শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২০১৭-১৮) বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত নিম্নোক্ত বিষয়সমূহ সভায় আলোচিত হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়:

i. প্রশিক্ষণ:

সোনালী ব্যাংক স্টাফ কলেজ ও ট্রেনিং ইনস্টিটিউটসমূহে জুলাই-সেপ্টেম্বর, ২০১৭ ত্রৈমাসিকে ২৮২ জনকে শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। এছাড়াও এসময়ে অনুষ্ঠিত প্রশিক্ষণ/ট্রেনিং/কর্মশালাসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল-এর ওপরে ০১(এক) ঘন্টাব্যাপী সেশন পরিচালিত হয়েছে। বাংলাদেশ ব্যাংক ও অর্থ মন্ত্রণালয়ে শুদ্ধাচার বিষয়ে দাখিলতব্য ত্রৈমাসিক প্রতিবেদনে এই তথ্যের স্বপক্ষে দালিলিক প্রমাণাদি যথা: শিক্ষণার্থীদের নাম ও পদবীসহ প্রশিক্ষণের অফিস অর্ডার/রিলিজ অর্ডার ইত্যাদি সংগ্রহপূর্বক সংরক্ষণের উপর জোর দেওয়া হয়।

(পরবর্তী পৃষ্ঠা-২)

**ii. 'শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সেল' গঠন:**

সচিব বিভাগ, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সেল, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ২৮.০৮.২০১৭ তারিখের এসডি(NIS)-৫৭/২০১৭-৭৬৭ সংখ্যক পত্র মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত এ ব্যাংকে ''শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সেল" গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। মানব সম্পদ উন্নয়ন বিভাগে এই 'শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সেল' গঠিত হবে।

'শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সেল' এর কাঠামো:

| | |
|---|---|
| ১। এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার | - ১ জন |
| ২। সিনিয়র প্রিন্সিপাল অফিসার | - ১ জন |
| ৩। প্রিন্সিপাল অফিসার/সিনিয়র অফিসার বা সমমান | - ১ জন |
| ৪। অফিসার (আইটি) বা সমমান | - ১ জন |
| ৫। সাপোর্টিং সাব স্টাফ গ্রেড-১/২/৩ | - ১ জন |

'শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সেল' এর কার্যপরিধি (ToR):

- এ ব্যাংকে যথাযথভাবে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ।
- কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নিবিড়ভাবে পরিবীক্ষণ।
- মন্ত্রণালয়/বাংলাদেশ ব্যাংকের চাহিদা অনুযায়ী তথ্য প্রদান।
- মন্ত্রণালয়/বাংলাদেশ ব্যাংকে/অন্য কোন প্রতিষ্ঠানে/আয়োজক সংস্থায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত সভা-সেমিনারে ঊর্ধ্বতন নির্বাহীর অংশগ্রহণ নির্বিঘ্ন করতে সকল তথ্য সরবরাহ করণ।
- এ ব্যাংকে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ।
- ত্রৈমাসিক ভিত্তিতে পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন।
- শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য বিবিধ কার্যক্রম।

**iii. শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিতকরণ:**

শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে এ ব্যাংকে কোন অন্তরায় রয়েছে কিনা তা অচিরেই চিহ্নিত করতে হবে মর্মে কমিটি একমত পোষণ করে।

**iv. শুদ্ধাচার পুরস্কার:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা এর ১২.০৬.২০১৭ তারিখের ৫৩.০০.০০০০.২২৩.০৬.০০২.১৭/২১ সংখ্যক পত্র ও সংযুক্ত গেজেট অনুসরণে এ ব্যাংকের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান (শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ, মূল্যায়ন পদ্ধতি, পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ ও পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন) বিষয়ক একটি নীতিমালা প্রণয়নের জন্য সিদ্ধান্ত প্রদান করা হয়। এজন্য বরাদ্দকৃত ১০ লক্ষ টাকার বাজেট যথাযথভাবে ব্যবহারের নির্দেশনা প্রদান করা হয়।

**v. শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টি/বৃদ্ধি:**

শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টি/বৃদ্ধির লক্ষ্যে প্রতি ত্রৈমাসে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত ''ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক ছড়া বইয়ের তাদের কর্তৃক নির্ধারিত ছড়া জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে। জুলাই-সেপ্টেম্বর, ২০১৭ ত্রৈমাসিকের জন্য ১৭ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত ''ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক বই হতে ১১২নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রতি ত্রৈমাসিকে পত্রিকায় ছড়া প্রকাশের ধারা অব্যাহত রাখতে হবে মর্মে নৈতিকতা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে।

(পরবর্তী পৃষ্ঠা-৩)

vi. অফিসের কর্মপরিবেশ উন্নয়ন:
অফিসের কর্মপরিবেশ উন্নয়ন করার নিমিত্ত প্রধান কার্যালয়ের বিভিন্ন তলায় ভাংগা টেবিল/চেয়ার/আসবাব ইত্যাদি সরিয়ে ফেলার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ব্যাংকের বিভিন্ন শাখায় কর্মপরিবেশ উন্নয়নে পর্যাপ্ত বাজেট রয়েছে মর্মে সভায় আমন্ত্রিত কমন সার্ভিসেস ডিভিশনের ডিজিএম সভাকে অবহিত করেন। শাখাসমূহকে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক এ বাজেট ব্যবহার করে কর্মপরিবেশ উন্নয়নের জন্য শীঘ্র যথাযথ পদক্ষেপ নিতে হবে।

vii. নৈতিকতা কমিটির সদস্য ও ইনফরমেশন টেকনোলজি ডিভিশনের জিএম জনাব শামীমুল হক এ ব্যাংকের প্রণীত শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৫নং ক্রমিকের ই-গভর্ন্যান্স ও সেবার মান উন্নীতকরণ বিষয়ে সভায় উল্লেখ করেন যে, ইমেইল/এসএমএস-এর মাধ্যমে অনলাইনে রেসপন্স সিস্টেম কার্যকরভাবে তাৎক্ষণিক সেবা প্রদান করা হচ্ছে। দাপ্তরিক কাজে ইউনিকোড তথা নিকশ ফন্ট ব্যবহার আংশিকভাবে শুরু হয়েছে। তবে, মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে ইউনিকোড তথা নিকশ ফন্ট ব্যবহার করা হচ্ছে। এছাড়া, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (APA) বর্ণিত অনলাইন সেবাসমূহ যথা: CBS, ATM, RTGS এবং সিসিটিভি ইতোমধ্যে চালু করা হয়েছে এবং ধাপে ধাপে প্রয়োজনীয় সংখ্যক শাখায় তা বাস্তবায়ন করা হচ্ছে। ২০১৪ সাল হতে ই-টেন্ডারের মাধ্যমে আইটিডি/ইইডি/সিএসডি এর ক্রয়কার্য সম্পাদন করা হচ্ছে। দাপ্তরিক কাজে যোগাযোগের জন্য সোশ্যাল মিডিয়া (টুইটার/ফেসবুক) ব্যবহার করা হচ্ছে। কমিটির সভাপতি ব্যাংকে ডিজিটালাইজেশন কার্যক্রম আরো ত্বরান্বিত করার নিমিত্ত নির্দেশনা প্রদান করেন।

viii. জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ তথা ইনোভেশন বিষয়ে সভায় আমন্ত্রিত মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট ডিভিশনের ডিজিএম সভাকে অবহিত করেন যে, এ ব্যাংকের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অর্থ বছর অনুযায়ী প্রণয়ন করা হয়েছে। Electronic Payment Platform (EPP) এর আওতায় সোনালী ব্যাংক কর্তৃক ০৩ (তিন)টি উদ্ভাবনী ধারণা প্রণয়ন করা হয়েছে। এ ব্যাপারে ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i Programme কর্তৃপক্ষের সাথে এই ব্যাংকের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ৩টি উদ্ভাবনী ধারণা হচ্ছে: Government to Person (G2P), Person to Government (P2G) এবং Person to Person Cash (P2P Cash). এছাড়া দপ্তর/সংস্থায় কমপক্ষে একটি করে সেবা পদ্ধতি সহজীকরণের উদ্যোগ গ্রহণ সম্পর্কে তিনি সভাকে আরো অবহিত করেন যে, Direct Cash Service সেবা ইতোমধ্যেই সম্পন্ন করা হয়েছে। কমিটি ইনোভেশন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে এবং প্রণীত উদ্ভাবণী ধারণা ৩(তিন)টি আশু বাস্তবায়নের ওপর জোর দেওয়া হয়।

(পরবর্তী পৃষ্ঠা-৪)

ix. জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের কার্যপরিধি নির্ধারণ:

সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগ, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা এর ২০ জুন, ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৩৩.১৬.২১১ সংখ্যক প্রজ্ঞাপন উপস্থাপন করা হয়। নৈতিকতা কমিটি এ প্রজ্ঞাপন অনুসারে ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের কার্যক্রম আরও সুচারুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মপরিধি নির্ধারণ করে:

**ফোকাল পয়েন্ট কর্মকর্তার কার্যপরিধি হবে নিম্নরূপ:**

(ক) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে শুদ্ধাচার কার্যক্রমের সমন্বয় সাধন;

(খ) সুশাসন প্রতিষ্ঠায় অন্যতম বাধা হিসেবে বিদ্যমান চ্যালেঞ্জ/দুর্নীতির ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ;

(গ) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অন্যান্য প্রাসঙ্গিক বিষয় চিহ্নিতকরণ;

(ঘ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুত এবং সময়মত পরিবীক্ষণ প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ;

(ঙ) শাখা ও কার্যালয়সমূহের বিদ্যমান কার্যপদ্ধতির ত্রুটি/বিচ্যুতি চিহ্নিতকরণ ও প্রয়োজনীয় সংশোধন আনয়নের উদ্যোগ গ্রহণ;

(চ) শাখা ও কার্যালয়সমূহের উত্তম চর্চা (Best Practice) চিহ্নিতকরণ, অনুসরণ এবং বহুল প্রচার ও প্রসারের উদ্যোগ গ্রহণ;

(ছ) এ ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মাঝে দুর্নীতির বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জন্য পদক্ষেপ গ্রহণ;

(জ) দুর্নীতি সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে তা দুর্নীতি দমন কমিশনসহ যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণ;

(ঝ) নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা আয়োজন, সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে প্রেরণ ও সিদ্ধান্ত বাস্তবায়নে ত্বরিত ব্যবস্থা গ্রহণ; এবং

(ঞ) সরকার এবং নৈতিকতা কমিটি কর্তৃক প্রদত্ত যে কোন দায়িত্ব পালন।

৫.০০: সভাপতি মহোদয় তার সমাপনী বক্তব্যে বলেন যে, শুদ্ধাচার যে কোনো প্রতিষ্ঠানের সুশাসনের পূর্বশর্ত। শুদ্ধাচার নীতি পরিপালন করে এ ব্যাংকের সামগ্রিক কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠার প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সকলকে উদ্যোগী হতে হবে।

৬.০০: পরিশেষে সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

(তারিকুল ইসলাম চৌধুরী)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর (অতিরিক্ত দায়িত্বে)
ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি